



পশ্চিমবঙ্গ সরকার  
রেশমশিল্প অধিকার  
উপ-অধিকর্তার করণ  
কৃষ্ণনগর, নদীয়া

স্মারক সংখ্যা- ৫৩৪/ আর কে ডি ওয়াই

তারিখ- ০৫।০১।২০২২

কৃষ্ণনগর-২ ব্লকে “ রেশমবন্ধু ” পদে নিয়োগের আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

তথ্যসূত্র :- কমিশনার, টেক্সটাইলস, সেরিকালচার, প:ব: সরকার স্মারক সংখ্যা-৩০২ তারিখ-২২।০৯।২০২১

রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনায় (আর কে ডি ওয়াই) প্রকল্পে রেশমচাষীদের গুচ্ছ ভিত্তিক উন্নয়ন সংক্রান্ত প্রকল্পে, ধুবুলিয়া প্রযুক্তি সহায়তা কেন্দ্রের অন্তর্গত **কৃষ্ণনগর-২ ব্লক** এলাকায় স্থানীয় রেশমচাষীদের কাছ থেকে ১ (এক) বছরের জন্য সম্পূর্ণ অস্থায়ী পদে ১ (এক) জন রেশমবন্ধু নিয়োগের জন্য নির্দিষ্ট বয়ানে সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

(ক) আবেদনকারীর যোগ্যতা :-

- ১) প্রার্থীর বয়স ০১।০১।২০২২ তারিখে ২৫-৪৫ বছরের মধ্যে হতে হবে
- ২) তিনি স্থানীয় রেশমচাষী হবেন যার পরিচয়পত্র হিসেবে এপিক এবং আধার রয়েছে।
- ৩) আবেদনকারীকে ন্যূনতম মাধ্যমিক পাশ এবং আই এস ডি এস /রেশমচাষ সংক্রান্ত প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।
- ৪) রেশমচাষ এলাকায় সহজে যাতায়াত ও যোগাযোগ করার জন্য সাইকেল, স্মার্ট ফোন থাকা আবশ্যিক।
- ৫) আবেদনকারীর নামে যে কোন রাষ্ট্রায়ত্ত্ব সরকারী ব্যাংকে সেভিংস অ্যাকাউন্ট থাকতে হবে।

(খ) নির্বাচন পদ্ধতি :-

আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় নথিপত্র যাচাই করে যোগ্য ব্যক্তিদের মধ্যে থেকে সাক্ষাৎকারের (ইন্টারভিউ) ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে।

(গ) দায়িত্ব প্রকৃতি :-

- ১) রেশমচাষ / শিল্পের প্রচার ও প্রসারে সক্রিয় ভূমিকা গ্রহন এবং রেশমচাষীদের সর্বদা অনুপ্রানিত করা।
- ২) তুঁতপলুপালন, বীজগুটি উৎপাদন, গুটি বাজারজাত করণ, প্রশিক্ষণ, পরিশোধন সহ সমস্ত কাজে রেশমচাষী / স্বনির্ভরগোষ্ঠীকে সহযোগিতা এবং তথ্যাদি সংগ্রহ করবেন।
- ৩) জেলা কার্যালয় / টি,এস,সি থেকে বিভিন্ন প্রকল্প ও প্রযুক্তিগত ধারণা / তথ্য সুবিধাভোগী রেশমচাষীদের কাছে পৌঁছে দেওয়া।
- ৪) রেশমবন্ধুকে প্রতি ১৫ (পনেরো) দিনের কাজের বিবরণপঞ্জী স্থানীয় ধুবুলিয়া রেশমকার্যালয়ে জমা দিতে হবে।
- ৫) সন্তোষজনক কাজের শেষে রেশমবন্ধু পর্যায়ক্রমে ( তুঁতরেশম মরশুমী চাষ, বছরে ৭(সাত) মাসের উৎসাহ ভাতা বরাদ্দ)মাসে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা করে পাবেন যা তার ব্যাংক অ্যাকাউন্টে জমা হবে।
- ৬) নির্বাচিত রেশমবন্ধু সম্পূর্ণ অস্থায়ীভাবে ১ (এক) বছরের জন্য নিযুক্ত হবেন এবং এইমর্মে কাজে যোগদানের পূর্বে একটি নির্ধারিত অঙ্গীকার পত্র সই করে জমা দেবেন।

পরের পৃষ্ঠায় দৃষ্টব্য :-

দ্বিতীয় পৃষ্ঠা

দরখাস্ত ফর্ম টি এস সি ধুবুলিয়া / উপআধিকর্তা, রেশমশিল্প, কৃষ্ণনগর, নদীয়া কার্যালয় থেকে পাওয়া যাবে।

আবেদন পত্র জমা দেবার সময়সীমা :- ০৬ .০১ .২০২২ থেকে ১৪ .০১ .২০২২ (সরকারী ছুটির দিন ব্যতীত)  
( সকাল ১১টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত)


আবেদনকারী পূরন করা দরখাস্ত ও সমস্ত তথ্যের প্রত্যয়িত কপি মুখবন্ধ খামে ধুবুলিয়া / কৃষ্ণনগর রেশম দপ্তরের কার্যালয়ে ১৪ .০১ .২০২২  
বিকেল ৪ টা অবধি জমা দিতে পারবেন। অসম্পূর্ণ দরখাস্ত বা ভুল তথ্য দিলে প্রার্থীপদ বাতিল বলে গণ্য হবে।

সাক্ষাৎকারকারের( ইন্টারভিউ) তারিখ :- ১৭ .০১ .২০২২  
স্থান রেশম দপ্তরের কার্যালয়, কৃষ্ণনগর, নদীয়া  
সময় বেলা ১১ টায়

(সাক্ষাৎকারের তারিখ প্রয়োজনে পরিবর্তনযোগ্য )

নিম্নলিখিত শংসাপত্রের প্রত্যয়িত কপি আবেদনকারীকে দরখাস্তের সাথে জমা দিতে হবে:-

- ১) অধার কার্ড।
- ২) ভোটার কার্ড।
- ৩) মাধ্যমিক পাশ মার্কশীট/ শংসাপত্র ।
- ৪) মাধ্যমিক অ্যাডমিট কার্ড (বয়সের প্রমান পত্র)
- ৫) জাতিগত শংসাপত্র ।
- ৬) সেরিকালচার প্রশিক্ষনের শংসাপত্র (যদি থাকে)
- ৭) রেশমচাষ পরিবারভুক্ত জিলা শংসাপত্র (রেশম দপ্তরের আধিকারিক কর্তৃক প্রদত্ত )


স্বাক্ষরিতঃ   
উপআধিকর্তা, রেশমশিল্প, ০৭২/২০২২  
কৃষ্ণনগর, নদীয়া

স্মারক সংখ্যা- ৫৩৪ / আর কে ভি ওয়াই

তারিখ-০৫ . ০১ .২০২২

অনুলিপি আবেদন এবং যথাযথ প্রচারের জন্য প্রেরণ এবং অনুরোধ করা হলো:-

- ১) কমিশনার, টেক্সটাইলস, সেরিকালচার, পঃব: সরকার , কোলকাতা - ৭০০০১৩
- ২) জেলা সমাহর্তা, নদীয়া।
- ৩) আর্ডিং জেলা শাসক(উন্নয়ন) নদীয়া
- ৪) মহকুমা শাসক , নদীয়া
- ৫) সভাপতি, কৃষ্ণনগর-২ ব্লক
- ৬) সমষ্টি উন্নয়ন আধিকারিক, কৃষ্ণনগর-২ ব্লক
- ৭) জেলা তথ্য আধিকারিক, এন আই সি, কৃষ্ণনগর, নদীয়া বিজ্ঞপ্তি জেলার ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ রাখা হলো
- ৮) ইনচার্জ, সম্প্রসারণ আধিকারিক, ধুবুলিয়া টি.এস.সি, নদীয়া

স্বাক্ষরিতঃ   
উপআধিকর্তা, রেশমশিল্প  
কৃষ্ণনগর, নদীয়া ০৭২/২০২২